



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০০০.০৩৪.১৮.০০০১.২৬-৯৯

তারিখ: ০৬/০৪/২০২৬খ্রিঃ

বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার GPMS টিম গঠন এবং ৩ বছরের খসড়া আবর্তক পরিকল্পনা (সেকশন-১) প্রেরণ প্রসঙ্গে।


সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ৪ মার্চ, ২০২৬ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৮২৫.২২.০০০১.২৬.১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা, মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক ও জেলা এবং উপজেলা পর্যায়ে অফিসসমূহে GPMS টিম গঠন ও কার্যপরিধি প্রণয়নের নির্দেশনা রয়েছে এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে ৩ বছরের খসড়া আবর্তক পরিকল্পনা (সেকশন-১) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান কর্তৃক অনুমোদনপূর্বক মন্ত্রণালয়/বিভাগে প্রেরণের সংশোধিত সময়সীমা ১২ এপ্রিল ২০২৬ নির্ধারণ করা হয়েছে।

এমতাবস্থায়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন **দপ্তর/সংস্থা, মাঠ পর্যায়ের বিভাগীয়, আঞ্চলিক ও জেলা এবং উপজেলা পর্যায়ে অফিসসমূহে GPMS টিম গঠন** এবং দপ্তর/সংস্থার ক্ষেত্রে ৩ বছরের **খসড়া আবর্তক পরিকল্পনা (সেকশন-১)** সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান কর্তৃক অনুমোদনপূর্বক মন্ত্রণালয়/বিভাগে নির্ধারিত সময়ের মাঝে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। জনাব মোঃ কায়ছার আব্দুল্লাহ, প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (programmer@mowca.gov.bd, ০১৫১৫২৩৩৬৫৬) এ কাজের সার্বিক সমন্বয় এর দায়িত্ব পালন করবেন।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।


০৬/০৪/২০২৬

(সারাওয়াত মেহজাবীন)
সিনিয়র সহকারী সচিব

ও

GPMS ফোকাল পয়েন্ট
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

দপ্তর/সংস্থা প্রধান (সকল)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

২। যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি।